আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

সূত্র নং-২/২২/১১১/১৭৭৭ তারিখঃ ০৮-১০-২০২৩

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত ছক অনুযায়ী ২৬-০৯-২০২২ তারিখে প্রস্তুতকৃত ডাটাবেইজ- এ (সংযুক্তি-০১) উল্লেখিত অত্র ব্যাংক কর্তৃক ই-গভর্ন্যান্স এর আওতায় ইতঃপূর্বে চালুকৃত নিম্নোক্ত সেবাসমূহ অদ্যাবধি চালু রয়েছেঃ

| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবার লিংক |
|---|---|---|
| ০১. | "Online Share Mangement Systems" | https://avub.org |
| ০২ | অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম (PMIS) | mis.ansarvdpbank.gov.bd |
| ০৩ | মোবাইল অ্যাপস -"অনুসন্ধান" | Google PlayStore |
| ০৪ | "সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯" | ansarvdpbank.gov.bd |
| ০৫ | "AVUB Archival System" | documents.ansarvdpbank.gov.bd |
| ০৬ | "Easy Balancing" | ebalance.ansarvdpbank.gov.bd |

০৮-১০-২৩
মোঃ মাইনুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রিয় হিসাব বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৮/১০/২৩
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

08/10/2023
মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

০৮/১০/২৩
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৮.১০.২০২৩
বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

08-10-2023
মোঃ শিব্বির আহমেদ
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৮/১০/২৩
জেড. এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

০৮/১০/২৩
পারভীন আকতার
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার

**Head Office:** 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217
Telephone: 48322181 , 48313191, 48313147, 48313196, 9347615
Website: www.ansarvdpbank.gov.bdE-mail:info@ansarvdpbank.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

**বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।**

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| ০১. | ব্যাংকের শেয়ারহোল্ডারদের শেয়ার সংক্রান্ত সেবা সহজিকরণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা - "অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার" | অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার করে ব্যাংকের প্রায় ২৬ লক্ষ শেয়ারহোল্ডারদের তথ্য ব্যবস্থাপনা, সংরক্ষন এবং শেয়ার সংক্রান্ত সেবা নিম্নোক্তভাবে সহজিকরণ করা হয়েছে:<br>▪ শেয়ারহোল্ডারদের দ্রুততম সময়ে শেয়ার সংক্রান্ত তথ্য সরবরাহ।<br>▪ SMS এর মাধ্যমে শেয়ারহোল্ডারদের শেয়ার সংক্রান্ত তথ্য অবহিত করণ।<br>▪ শেয়ার সংক্রান্ত প্রতিবেদনসমূহ দ্রুততম সময়ে প্রস্তুত করা।<br>▪ শেয়ারহোল্ডার কর্তৃক অনলাইন শেয়ার সার্টিফিকেট ডাউনলোড ও প্রিন্টের সুবিধা প্রদান।<br>▪ নির্ভুলভাবে এবং স্বল্পসময়ে লভ্যাংশ হিসাবায়ন ও প্রদান। | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | ব্যাংকের শেয়ারহোল্ডারগণ নিয়মিতভাবে এর সুবিধা ভোগ করছেন। ফলে TCV পূর্বের তুলনায় অনেক কমে গিয়েছে। তাৎক্ষনিকভাবে শেয়ার ক্রয়ের প্রাপ্তী স্বীকার sms এর মাধ্যমে নিশ্চিতকরণ এবং স্বয়ংক্রিয়ভাবে ডিজিটাল শেয়ার সার্টিফিকেট প্রস্তুত হচ্ছে। | https://avub.org | |
| ০২. | ব্যাংকের অভ্যন্তরীন সেবা সহজীকরণ সংক্রান্ত উদ্ভাবনী ধারণা – "অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম (PMIS)" (পিআরএল, পদায়ন, ছুটি, কর্মী অগ্রিম, কর্মী প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত সেবা) | অটোমেশনের মাধ্যমে ব্যাংকের কর্মরত সকল স্থায়ী ও অস্থায়ী কর্মচারীদের তথ্য সংরক্ষন ও ব্যবস্থাপনা।<br>● ব্যাংকের কর্মরত সকল স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংরক্ষন।<br>○ ব্যক্তিগত তথ্য ও চাকুরী সংক্রান্ত তথ্য<br>○ প্রশিক্ষনের তথ্য (দেশে ও বিদেশে), পদোন্নতির তথ্য | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ নিয়মিতভাবে সফটওয়্যারটি ব্যবহার করছে। ব্যাংকের কর্মী সংক্রান্ত যেকোন | mis.ansarvdpbank.gov.bd | |

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ

মোহাম্মদ হাসান মাহমুদ
বিভাগ প্রধান
আইসিটি বিভাগ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | ○ ব্যাংক কর্তৃক দায়েরকৃত বিভাগীয় মোকদ্দমার তথ্য, আপিলের তথ্য, রিভিউ ও রিভিশনের তথ্য<br>○ ব্যাংক কর্তৃক প্রদত্ত পুরস্কারের তথ্য, ভোগকৃত ছুটির তথ্য<br>○ উদ্ভাবনী কার্যক্রমের তথ্য, পদায়নের তথ্য<br>○ গৃহীত অগ্রীমের তথ্য, বেতনক্রম ইত্যাদি।<br>• পিআরএল, ছুটি নগদায়ন সংক্রান্ত কার্যক্রম সহজিকরণ করা।<br>• ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম সহজিকরণ করা।<br>কর্মী সংক্রান্ত যেকোন রিপোর্ট দ্রুত ও নির্ভুলভাবে প্রস্তুত করা। | | ধরনের রিপোর্ট/তথ্য তাৎক্ষনিকভাবে উক্ত সফটওয়্যারটি ব্যবহার করে প্রস্তুত করা হচ্ছে। | | |
| ০৩. | ব্যাংকের সিটিজেন চার্টারে উল্লেখিত বিভিন্ন সেবার (ঋণ, আমানত, শেয়ার) তথ্য সমৃদ্ধ মোবাইল অ্যাপস -**"অনুসন্ধান"** | প্রস্তুতকৃত মোবাইল অ্যাপস এ ঋণ খাত সমূহ, সিলিং, খাত ভিত্তিক সুদের হার ও ঋণের মেয়াদ, ঋণ পাওয়ার যোগ্যতা, কিস্তির ধরণ ও পরিমান, পরিশোধ পদ্ধতি, প্রয়োজনীয় দলিলাদি, জামানত, কিস্তি নির্ধারণ ক্যালকুলেটর, আমানত সংক্রান্ত সকল তথ্যাবলি সম্বলিত ফিচারসমূহ সংযোজন করা হয়েছে। ফলে ব্যাংকের গ্রাহকগণ ঘরে বসে ব্যাংকিং সেবার হালনাগাদ তথ্য জানতে পারছেন এবং সেবাগ্রহণ প্রক্রিয়া সহজতর হয়েছে।<br><br>ব্যাংক কর্মকর্তা ও গ্রাহক উভয়ই নির্ভুলভাবে ঋণের কিস্তি নিরুপণ করতে পারছেন।<br><br>এছাড়া অনেক সদস্য আছে যাদের ঋণ পাওয়ার যোগ্যতা না থাকা স্বত্বেও এ সম্পর্কিত তথ্য না | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | যেহেতু আনসার-ভিডিপি কর্মকর্তা-কর্মচারী, ব্যাটালিয়ন, অঙ্গীভূত আনসার সদস্য-সদস্যাগণ এই ব্যাংকের গ্রাহক এবং বাংলাদেশের সকল উপজেলায় ব্যাংকের শাখা নেই, তাই বিদ্যমান শাখাসমূহে পার্শ্ববর্তী জেলা/উপজেলা হতে সেবা গ্রহণের জন্য | Google PlayStore | |

০৭/১০/২৬
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ

০৭/১০/২৬
মোহাম্মদ হাসান মাহমুদ
বিভাগ প্রধান
আইসিটি বিভাগ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | জানায় তারাও ব্যাংকে এসে নিজেদের ও ব্যাংক কর্মকর্তাদের মূল্যবান সময় নষ্ট করে। মোবাইলের তথ্য পাওয়ার পর এই সমস্যা দুরীভূত হয়েছে।<br><br>যেহেতু ব্যাংকের শাখা পর্যায়ের কর্মকর্তাদের কিস্তি আদায় ও প্রকল্প পরিদর্শন কাজে নিয়মিত শাখার বাইরে থাকতে হয়, তাই সকল গ্রাহক ব্যাংকে এসেও কর্মকর্তাকে না পেয়ে সেবা না নিয়েই ফেরত যেতে হয়। প্রস্তুতকৃত মোবাইল অ্যাপস এর মাধ্যমে এই সমস্যা থেকে পরিত্রান পাওয়া সম্ভব হয়েছে। | | আসতে হয় যা সময় ও ব্যয় সাপেক্ষ। ব্যাংকের সেবা সম্পর্কে সঠিকভাবে সকল তথ্য না জনার কারনে দুরবর্তী স্থানসমূহ হতে একাধিকবার ব্যাংকে আসতে সময়ের অপচয় , আর্থিক ব্যয় বৃদ্ধি পায়। ফলে গ্রাহক ভোগান্তির শিকার হয়। প্রস্তুতকৃত মোবাইল অ্যাপস ব্যবহারের মাধ্যমে গ্রাহক ভোগান্তি দুর হয়েছে। | | |
| ০৪. | ব্যাংকের ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও ঋণ গ্রহীতাদের কম সময়ে, কম ভিজিটে ও স্বল্প খরচে সর্বোচ্চ মানের সেবা প্রদান সংক্রান্ত উদ্ভাবনী ধারণা - **"সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯"** | ব্যাংকের ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও ঋণ গ্রহীতাদের কম সময়ে, কম ভিজিটে ও স্বল্প খরচে সর্বোচ্চ মানের সেবা প্রদানের লক্ষ্যে সময়ে সময়ে জারিকৃত ঋণ প্রোডাক্ট এর নীতিমালা ও সংশোধিত নীতিমালা সমূহ সকল শাখায় বিশেষ করে নতুন শাখাগুলোতে সংরক্ষিত না থাকায় মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম পরিচালনায় ব্যাংকের গ্রাহকদের সেবা প্রদানের ক্ষেত্রে নানাবিধ সমস্যার সৃষ্টি হয়। | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারী এবং বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রায় ৬২ লক্ষ সদস্য/সদস্যা ভোগ করছেন। | ansarvdpbank.gov.bd | |

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ

মোহাম্মদ হাসান মাহমুদ
বিভাগ প্রধান
আইসিটি বিভাগ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | বাস্তবায়িত উদ্ভাবনী আইডিয়াটির মাধ্যমে প্রায় ৩৪টি জারিকৃত ঋণ প্রোডাক্টের এবং প্রায় ৩৫০টি সংশোধিত ঋণ নীতিমালা স্টাডি করে একিভূত করে সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯ প্রণয়ন করা হয়েছে।<br><br>সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯ পুস্তিকা আকারে প্রকাশ করা হয়েছে এবং ব্যাংকের ওয়েবসাইটেও তা সংরক্ষিত রয়েছে। যা তাৎক্ষণিকভাবে ডাউনলোড করে ব্যবহার করা যাচ্ছে। | | যেকোন রিপোর্ট তৈরী বা তথ্য পাওয়া/প্রদানের দীর্ঘসুত্রিতা হ্রাস হয়েছে। সংশোধনীসহ বিভিন্ন নীতিমালা ফটোকপি করার ব্যয় হ্রাস হয়েছে। নতুন যোগদানকৃত কর্মকর্তাদের ঋণ কার্যক্রম পরিচালনা সহজতর হয়েছে। এটি ব্যবহারের ফলে ঋণ আবেদনকারীকে যথাযথ গাইড লাইন দেয়ার কারনে ঋণ আবেদনকারীর শাখায় ভিজিট কমানো সম্ভব হয়েছে। | | |
| ০৫. | ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা "AVUB Archival System" এর মাধ্যমে ব্যাংকের গুরুত্বপূর্ণ নথি/ডকুমেন্টস সমূহ সংরক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা | বিভাগ/ দপ্তর থেকে জারীকৃত অফিস আদেশ, সার্কুলার, চিঠিপত্র সমূহ হার্ডকপি আকারে জারী করা করা হয়। উক্ত হার্ডকপিসমূহ ক্ষেত্র বিশেষে নথিতে সংরক্ষন করা হয়। দীর্ঘদিন সংরক্ষনের কারনে হার্ডকপিসমূহ যথাযথভাবে সংরক্ষন করা কষ্টসাধ্য কাজ এবং প্রয়োজনীয় সময়ে নির্ধারিত | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | ব্যাংকের সকল বিভাগ, কার্যালয় ও শাখা নিয়মিতভাবে সফটওয়্যারটি ব্যবহার করছে এবং সফটওয়্যারটি | documents.ansarvdpbank.gov.bd | |

০৬/০১/২০২৬
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ

০৬/০১/২০২৬
মোহাম্মদ হাসান মাহমুদ
বিভাগ প্রধান
আইসিটি বিভাগ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| ক্র: নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | সার্কুলার সমূহ সংগ্রহ করা কষ্টসাধ্য কাজ। ফলে সেবা প্রদানে বিলম্ব হয়। বর্ণিত উদ্যোগ বাস্তবায়নের ফলে সেবা প্রদান দ্রুত ও সহজ হয়েছে। | | ব্যবহার করে প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | | |
| ০৬. | সহজ ব্যালান্সিং পদ্ধতি/Easy Balancing | আমানতকারী বা ঋণী ভিত্তিক ব্যালেন্স মিল না থাকার কারণে ঋণ পরিশোধ বা আমানত ফেরত প্রদানে নানাবিধ সমস্যার উদ্ভব হয়। ব্যালেন্সিং না থাকায় অর্থ আত্মসাৎ ও জালিয়াতির ঘটনা ঘটে। ব্যালেন্সিংজনিত সমস্যায় শাখার প্রকৃত তথ্য-চিত্র পাওয়া যায় না। বর্ণিত উদ্যোগ বাস্তবায়নের ফলে শাখার ব্যালেন্সিং জনিত সকল সমস্যার সমাধান হয়েছে। পাশাপাশি সেবা গ্রহিতাগণের ভোগান্তি, প্রতারণা ও জালিয়াতির ঘটনা রোধ করা সম্ভব হচ্ছে। | উদ্ভাবনী আইডিয়াটি কার্যকর আছে। | ব্যাংকের প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয় ও ৬টি শাখা নিয়মিতভাবে সফটওয়্যারটি ব্যবহার করছে এবং সফটওয়্যারটি ব্যবহার করে প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | ebalance.ansarvdpbank.gov.bd | |

০৮/১০/২৬
তৌহিদ মোহাম্মাদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ

০৮/১০/২৬
মোহাম্মদ হাসান মাহমুদ
বিভাগ প্রধান
আইসিটি বিভাগ